

ঢাকা ওয়াসা

১৭। ঢাকা ওয়াসার ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব বিলিং ও আদায় কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা মূল্যায়নের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় আগামী জুলাই, ২০২৬ মাসে একটি বার্ষিক রাজস্ব মূল্যায়ন সভা আয়োজন করা যেতে পারে। চলতি ২০২৫-২০২৬ অর্থবছর আগামী ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত হবে। মাননীয় ব্যবস্থাপনা পরিচালকের সদয় অনুমোদনক্রমে জুলাই, ২০২৬ মাসে অফিস চলাকালীন সুবিধাজনক যে কোনো তারিখে আনুমানিক সকাল ১১:০০ ঘটিকায় সভাটি আয়োজন করা যেতে পারে।

১৮। উক্ত সভায় ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ), প্রধান প্রকৌশলী, বাণিজ্যিক ব্যবস্থাপক, সচিব, প্রধান রাজস্ব কর্মকর্তা, নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ সকল বিভাগীয় প্রধান উপস্থিত থাকবেন। সভায় ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব বিলিং ও আদায়ের সার্বিক কার্যক্রম পর্যালোচনার পাশাপাশি বিভিন্ন রাজস্ব জোনের কর্মসম্পাদন মূল্যায়ন করা হবে এবং রাজস্ব আদায় কার্যক্রমে উৎকর্ষতা অর্জনকারী কর্মকর্তা/কর্মচারীদের সম্মাননা ও পুরস্কার প্রদান করা হবে। রাজস্ব আদায় কার্যক্রমে সর্বোচ্চ কর্মদক্ষতা প্রদর্শনকারী কর্মকর্তা/কর্মচারীদের নিম্নরূপ নগদ পুরস্কার প্রদানের প্রস্তাব করা হলো—

ক্রঃ নংঃ	ক্যাটাগরি	প্রস্তাবিত পুরস্কার (টাকা)	মন্তব্য
০১	শ্রেষ্ঠ জোনাল ইনচার্জ	৮০,০০০/-	
০২	শ্রেষ্ঠ সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা	৬০,০০০/-	
০৩	শ্রেষ্ঠ রাজস্ব পরিদর্শক/বিলিং সহকারী	৫০,০০০/-	
	মোট=	১,৯০,০০০/-	

১৯। উল্লেখ্য, পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নির্বাচন একটি নিরপেক্ষ ও স্বচ্ছ মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় মূল্যায়নের মানদণ্ড (Evaluation Criteria) পৃথকভাবে নির্ধারণ ও বিশ্লেষণপূর্বক অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। সভায় আনুমানিক ৬০ (ষাট) জন কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করবেন। সে অনুযায়ী আপ্যায়ন ব্যয়ের হিসাব নিম্নরূপ—

ক্রঃ নংঃ	বিবরণ	পরিমাণ (টাকা)	মন্তব্য
০১	নাস্তা (৬০ x ২৮০ টাকা)	১৬,৮০০/-	
০২	দুপুরের খাবার (৬০ x ৫৮০ টাকা)	৩৪,৮০০/-	
	মোট=	৫১,৬০০/-	

২০। সুতরাং, বার্ষিক মূল্যায়ন সভা আয়োজনের জন্য পুরস্কার বাবদ ১,৯০,০০০.০০ (এক লক্ষ নব্বই হাজার) টাকা এবং আপ্যায়ন বাবদ ৫১,৬০০.০০ (একান্ন হাজার ছয়শত) টাকা অর্থাৎ মোট ১৯০০০০+৫১৬০০= ২,৪১,৬০০.০০ (দুই লক্ষ একচল্লিশ হাজার ছয়শত) টাকা প্রয়োজন হবে।

২১। উল্লেখ্য, অত্র দপ্তরের Entertainment খাতে বর্তমানে ৪,১৩,৯৯৫.০০ (চার লক্ষ তের হাজার নয়শত পঁচানব্বই) টাকা অবশিষ্ট রয়েছে। অতএব, উক্ত খাত হতে ২,৪১,৬০০.০০ (দুই লক্ষ একচল্লিশ হাজার ছয়শত) টাকা প্রধান রাজস্ব কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদানের ব্যয় সদয় অনুমোদন দেয়া যেতে পারে। ব্যয় সম্পাদনের পর প্রচলিত বিধি অনুযায়ী যথাযথ ভাউচারের মাধ্যমে হিসাব সমন্বয় করা হবে।

২২। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

২৬/০৫/২০২৬
মোহাম্মদ আবু সুফিয়ান
কম্পিউটার অপারেটর
প্রধান রাজস্ব কর্মকর্তার কার্যালয়
ঢাকা ওয়াসা।

২৪/০৫/২৬
সাহাবুদ্দীন দাস
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তর
ঢাকা ওয়াসা।

২৪/৫/২৬
মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

২৬/৫/২৬
এস.এম. মোহাম্মদ কামাল মজুমদার
রাষ্ট্রপতি
ঢাকা ওয়াসা

২৬/৫/২৬
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)

২৬/৫/২৬
ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ আমিনুল হক
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২৬/৫/২৬
এস.এম. মোহাম্মদ কামাল মজুমদার
রাষ্ট্রপতি
ঢাকা ওয়াসা

২৬/৫/২৬
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।

১২৬৮
২৬/৫/২৬

১২৬৮
২৬/৫/২৬

